গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
তালা, সাতক্ষীরা।
fisheries.tala.satkhira.gov.bd

স্মারক নং: ৩৩.০২.৮৭৯০.৫০১.১৯.০০৩.২৪.১২০ তারিখঃ ৩১/০৭/২০২৫ খ্রি.

## সতর্কীকরণ নোটিশ

**বিষয়ঃ মৎস্যখাদ্য বিক্রেতাদের ( খুচরা ও পাইকারী) জন্য পালনযোগ্য নির্দেশাবলী।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তালা উপজেলার সকল মৎস্যখাদ্য বিপননকারীদের (পাইকারি ও খুচরা) জানানো যাচ্ছে যে, **মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন ২০১০ ও মৎস্যখাদ্য বিধিমালা ২০২৪** এবং **মৎস্যখাদ্য ও পশুখাদ্য উৎপাদন ও বিপনন ব্যবস্থাপনা নির্দেশিকা ২০২০** অনুযায়ী বিক্রেতা হিসেবে আপনার প্রতিষ্ঠানে নিম্নোক্ত বিধিসমূহ পালন করতে হবে।

### বিষয়টি অতীব জরুরী

১. লাইসেন্সের মেয়াদ শেষ হবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে নির্ধারিত ফি-সহ লাইসেন্স নবায়নের জন্য আবেদন করতে হবে।
২. লাইসেন্সধারী উৎপাদনকারী/আমদানিকারীদের নিকট থেকে বিক্রয়ের জন্য ফিড ক্রয় করতে হবে।
৩. সংরক্ষণ ও বিক্রয়ের জন্য নির্দিষ্ট দোকানঘর/স্থাপনা থাকতে হবে এবং দুষণমুক্তভাবে মৎস্যখাদ্য সংরক্ষণ করতে হবে।
৪. সংগৃহীত ফিড মেঝে হইতে ন্যূনতম ৭ সে.মি. (২.৭৫ ইঞ্চি) উপরে এবং দেয়াল হতে দূরে রেখে স্টক করতে হবে এবং লক্ষ রাখতে হবে কোনভাবেই মেঝে বা দেয়াল স্যাঁতস্যাঁতে না হয়ে বা থাকে।
৫. কীটনাশক বা সার বা রাসায়নিক কোন দ্রব্যের সহিত একই স্থানে ফিড রাখা যাবে না।
৬. ক্রয় ও বিক্রয় সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে এবং অধিদপ্তর হতে পরিদর্শনকাকালে মজুদ-বিবরণী এবং রেকর্ডপত্র দিয়ে পরিদর্শনকারী কর্মকর্তাদের সহযোগীতা করতে হবে।
৭. লাইসেন্স দর্শনীয় স্থানে ঝুলিয়ে রাখতে হবে।
৮. মেয়াদোত্তীর্ণ ফিড দোকানে মজুদ বা বিক্রয়ের জন্য প্রদর্শন করা বা বিক্রয় করা যাবে না।
৯. প্রতিটি ফিড 'আগে আগমন, আগে ব্যবহার' পদ্ধতিতে বিপণন করতে হবে।
১০. ক্ষতিকর রাসায়নিক দ্রব্যাদি ব্যবহৃত হয়েছে এমন মৎস্যখাদ্য বিক্রয় করা যাবে না।
বিধিসমূহ প্রতিপালনে ব্যার্থ হলে লাইসেন্স রহিতকরণ এবং অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

মেসার্স-------------------------------------------------
প্রোঃ----------------------------------------------------
তালা, সাতক্ষীরা।

(মো: তারিক ইমাম)
আইডি নং-০০৮৫৫
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার (নি.বে.)
তালা, সাতক্ষীরা।